২০২৪

বাংলা

(প্রোগ্রাম)

জেনেরিক ইলেকটিভ (GE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGG-GE-T-1

(নাটকের রূপভেদ, রঙ্গমঞ্চ ও নাটক)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) ট্রাজেডি শব্দটির উৎস নির্দেশ করো। কোন দেশে ট্র্যাজেডি নাটকের উদ্ভব হয়?

খ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি কমেডি নাটকের নাম লেখো।

গ) পৌরাণিক নাটকের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

ঘ) দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

ঙ) কে কবে বেঙ্গলী থিয়েটার প্রতিষ্ঠা করেন?

চ) বাগবাজার অ্যামেচার থিয়েটার পরবর্তীকালে কী নামে রূপান্তরিত হয়?

ছ) ন্যাশনাল থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয়? এই থিয়েটারে প্রথম অভিনীত নাটক কোনটি?

জ) জোড়াসাঁকো নাট্যশালায় অভিনীত 'অলীকবাবু' নাটকটির রচয়িতা কে? নাটকটি কবে প্রকাশিত হয়?

ঝ) দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকটি কত সালে কী ছদ্মনামে প্রকাশিত হয়?

[পরপৃষ্ঠায়]

ঞ) 'নীলদর্পণ' নাটকের প্রভাবে রচিত আরও দুটি বাংলা নাটকের নাম লেখো।

ট) 'নীলদর্পণ' নাটকটি কবে কোথায় প্রথম অভিনীত হয়?

ঠ) গোলক বসু ও নবীন মাধবের স্ত্রীর নাম লেখো।

ড) কী নামে কত সালে 'রথের রশি' নাটকটি প্রথম প্রকাশিত হয়?

ঢ) "ওই যে, পথের বুক জুড়ে পড়ে আছে তার অসাড় দড়িটা।" কার উক্তি? 'অসাড় দড়িটা' আসলে কী?

ণ) "... পুরুতের হাতে চলল না রথ, রাজার হাতে না — মানে বুঝলে কিছু? — কে কাকে উদ্দেশ করে এ কথা বলেছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ঐতিহাসিক নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে বাংলা ভাষায় রচিত একটি সার্থক ঐতিহাসিক নাটকের সংক্ষিপ্ত আলোচনা করো।

খ) একটি সার্থক একাঙ্ক নাটক আলোচনা করে এ জাতীয় নাটকের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো।

গ) নবীন বসুর থিয়েটারের অভিনবত্বগুলি আলোচনা করো।

ঘ) 'নীলদর্পণ' নাটকের তোরাপ চরিত্রটি বিশ্লেষণ করো।

ঙ) 'নীলদর্পণ' নাটকের ঐতিহাসিক গুরুত্ব বিশ্লেষণ করো।

চ) 'রথের রশি' নাটকের মূল বিষয় সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) একটি সার্থক সামাজিক নাটক আলোচনা করে এই জাতীয় নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

খ) বাংলা নাট্যশালার ইতিহাসে জোড়াসাঁকো নাট্যশালার গুরুত্ব বিচার করো।

গ) 'নীলদর্পণ' নাটকের নবীন মাধব চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) 'রথের রশি' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

———————